বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ ।
ওয়েব সাইটঃ www.bb.org.bd

**বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ**

সার্কুলার পত্র নং- এফইপিডি(রেমিট্যান্স)৪৪/২০১৫-০১

তারিখ ২৮-১১-১৪২১ বাঃ
১১-০১-২০১৫ খ্রিঃ

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
এবি ব্যাংক লিঃ/অগ্রণী ব্যাংক লিঃ/ আল-আরাফাহ ইসলামী ব্যাংক লিঃ/বাংলাদেশ কমার্স ব্যাংক লিঃ/বাংলাদেশ কৃষি ব্যাংক/ব্যাংক এশিয়া লিঃ/ ব্র্যাক ব্যাংক লিঃ/ঢাকা ব্যাংক লিঃ/ডাচ বাংলা ব্যাংক লিঃ/ইস্টার্ন ব্যাংক লিঃ/এক্সিম ব্যাংক লিঃ/ফারমার্স ব্যাংক লিঃ/ফাস্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিঃ/আইসিবি ইসলামী ব্যাংক লিঃ/আইএফআইসি ব্যাংক লিঃ/ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ/যমুনা ব্যাংক লিঃ/জনতা ব্যাংক লিঃ/মেঘনা ব্যাংক লিঃ/মার্কেন্টাইল ব্যাংক লিঃ/মিডল্যান্ড ব্যাংক লিঃ/মধুমতি ব্যাংক লিঃ/মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিঃ/ন্যাশনাল ব্যাংক লিঃ/এনসিসি ব্যাংক লিঃ/এনআরবি ব্যাংক লিঃ/ওয়ান ব্যাংক লিঃ/প্রাইম ব্যাংক লিঃ/পূবালী ব্যাংক লিঃ/রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক/রূপালী ব্যাংক লিঃ/সাউথ বাংলা এগ্রিকালচার এন্ড কমার্স ব্যাংক লিঃ/শাহ্জালাল ইসলামী ব্যাংক লিঃ/সোস্যাল ইসলামী ব্যাংক লিঃ/সোনালী ব্যাংক লিঃ/সাউথ ইস্ট ব্যাংক লিমিটেড/স্ট্যান্ডার্ড ব্যাংক লিঃ/ দি সিটি ব্যাংক লিঃ/ দি প্রিমিয়ার ব্যাংক লিঃ/ ট্রাস্ট ব্যাংক লিঃ/ইউনিয়ন ব্যাংক লিঃ/ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ/উত্তরা ব্যাংক লিঃ/এনআরবি গ্লোবাল ব্যাংক লিঃ।

প্রিয় মহোদয়,

**সরকারী ব্যবস্থাপনায় হজ্জ্রত পালন- ১৪৩৬ হিজরী সন।**

সরকারী ব্যবস্থাপনায় ১৪৩৬ হিজরী সনের হজ্জ্রত পালনের বিষয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রণীত “হজ্জ প্যাকেজ-২০১৫ খ্রিঃ/১৪৩৬ হিজরী” এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত হজ্জ প্যাকেজের আলোকে সরকারী ব্যবস্থাপনায় হজ্জ্রত পালনে গমনেচ্ছুগণ হতে স্থানীয় মুদ্রায় অর্থ জমা গ্রহণের বিপরীতে বৈদেশিক মুদ্রা ইস্যুকরণ ও প্রাসংগিক কার্যক্রম পরিচালনায় অনুমোদিত ডিলারগণের অনুসরণীয় নির্দেশনাবলী নিম্নে প্রদত্ত হলো ঃ-

(ক) সরকারী ব্যবস্থাপনায় গমনেচ্ছু হজ্জযাত্রীগণের জনপ্রতি মোট খরচের ০২টি প্যাকেজ এর (প্যাকেজ-১ ও প্যাকেজ-২) খাতওয়ারী বিভাজন নিম্নে উপস্থাপন করা হলো ঃ

**জনপ্রতি সার্বিক খরচ (প্যাকেজ-১) ঃ**

| ক্রমিক নং | ব্যয়ের খাতসমূহ | পরিমান (টাকা) |
|---|---|---|
| ১. | বিমান ভাড়া (ঢাকা-জেদ্দা/মদিনা-ঢাকা পথের Dedicated Hajj Flight): | |
| (ক) | বিমান ভাড়া (নীট) মার্কিন ডলার ১৫২৫ (১৫২৫×৭৭.১০)<br>(ট্রাভেল এজেন্ট কমিশন ১৫.০০ মাঃডঃ ও সিটি চেক-ইন চার্জ ১০.০০ মাঃডঃ সহ) | ১,১৭,৫৭৭.৫০ |
| (খ) | জেদ্দা ডিপারচার ট্যাক্স সৌদি রিয়াল ৫০ (৫০×২১.০০) | ১,০৫০.০০ |
| (গ) | এম্বারকেশন ফি ৫০০.০০ টাকা | ৫০০.০০ |
| (ঘ) | এক্সাইজ ডিউটি ৫০০.০০ টাকা | ৫০০.০০ |
| (ঙ) | হজ্জ টার্মিনাল সার্ভিস চার্জ সৌদি রিয়াল ৩০ (৩০×২১.০০) | ৬৩০.০০ |
| | *মোট ঃ* | ১২০,২৫৭.৫০ |
| ২. | **স্থানীয় সার্ভিস চার্জ ঃ**<br>আইডি কার্ড, কব্জিবেল্ট, কিটব্যাগ, হজ্জ ও ওমরাহ্ সংক্রান্ত পুস্তিকা, আই.টি সার্ভিস, হজ্জ ক্যাম্পে আবাসন ও প্রচারণাসহ হজ্জযাত্রীদের অন্যান্য সেবা প্রদান ইত্যাদি | ৮০০.০০ |
| ৩. | **হজ্জযাত্রীদের কল্যাণ তহবিল (আপৎকালীন ফান্ড)ঃ** | ২০০.০০ |
| ৪. | **প্রশিক্ষন ফি ঃ** | ৩০০.০০ |
| ৫. | **মোয়াল্লেম ফিঃ**<br>মিনা-আরাফা-এ তাঁবু ভাড়া এবং জেদ্দা-মক্কা-মদিনা ও আল-মাশায়েরে যাতায়াত ও পরিবহন ফি, সার্ভিস চার্জ, জমজমের পানি ইত্যাদি বাবদ সৌদি রিয়াল ১,১০৪ (১,১০৪×২১.০০) | ২৩,১৮৪.০০ |
| ৬. | মিনা-আরাফা ও আরাফা-মুযদালিফা-জামারা **ট্রেন ভাড়া** ঃ সৌদি রিয়াল ২৫০ (২৫০×২১.০০) | ৫,২৫০.০০ |
| ৭. | **অতিরিক্ত সার্ভিস চার্জ ঃ**<br>সৌদি আরবে মোয়াল্লেম এবং মোয়াচ্ছাছাকে প্রদেয় অতিরিক্ত সার্ভিস চার্জ সৌদি রিয়াল ৯৩৫(৯৩৫×২১.০০) | ১৯,৬৩৫.০০ |

চলমান পাতা-০২

পূর্ব পৃষ্ঠার পর: 

| | | |
|---|---|---|
| ৮. | **মক্কা ও মদিনায় বাড়ী ভাড়া ঃ**<br>মক্কা ও মদিনায় হজ্জযাত্রী প্রতি সৌদি সরকার কর্তৃক নির্ধারিত আয়তনের বাসস্থান এবং ১% অতিরিক্ত বাসস্থানসহ সৌদি রিয়াল (৬,২০০+৫০০+৬৭)=(৬,৭৬৭.০০×২১.০০)।<br>**বাড়ী ভেদে বাড়ী ভাড়ার অব্যয়িত অর্থ (যদি থাকে) ২০১০, ২০১১, ২০১২ ,২০১৩ ও ২০১৪ সালের ন্যায় সৌদি আরবে হজ্জযাত্রীদের অবশ্যই ফেরত প্রদান করা হবে।** | ১,৪২,১০৭.০০ |
| ৯. | **খাওয়া খরচ ঃ**<br>রাজকীয় সৌদি সরকারের নির্দেশনা মোতাবেক সৌদি আরবস্থ ক্যাটারিং কোম্পানীর মাধ্যমে দৈনিক তিন বেলা খাবার সরবরাহ করা হবে। দৈনিক তিন বেলা ৪০.০০ সৌঃ রিঃ হারে সর্বোচ্চ ৪০ (চল্লিশ) দিনের খাওয়া খরচ বাবদ (৪০× ৪০)=সৌদি রিয়াল ১৬০০.০০ (১৬০০× ২১.০০) | ৩৩,৬০০.০০ |
| ১০ | ৫৬ সেঃমিঃ × ২৫ সেঃমিঃ × ৪৫ সেঃমিঃ আয়তনের ও একই রং এর ব্যাগ সরবরাহ বাবদ সম্ভাব্য ব্যয় | ১,৭০০.০০ |
| ১১. | হজ্জ গাইড বাবদ ব্যয় ঃ প্রতি ৪৫ জন হজ্জযাত্রীর জন্য ১ জন হজ্জ গাইড হিসেবে | ৭,৭১১.৫০ |
| | *সর্বমোট(১+২+৩+৪+৫+৬+৭+৮+৯+১০+১১) =* | **৩,৫৪,৭৪৫.০০ (তিন লক্ষ চুয়ান্ন হাজার সাতশত পঁয়তাল্লিশ)** |

**নোটঃপ্রতি মার্কিন ডলার ৭৭.১০ (সাতাত্তর টাকা দশ পয়সা ) টাকা এবং প্রতি সৌদি রিয়াল ২১.০০ (একুশ) টাকা হারে ধরা হয়েছে।**

**জনপ্রতি সার্বিক খরচ (প্যাকেজ-২) ঃ**

| ক্রমিক নং | ব্যয়ের খাতসমূহ | পরিমান (টাকা) |
|---|---|---|
| ১. | বিমান ভাড়া (ঢাকা-জেদ্দা/মদিনা-ঢাকা পথের Dedicated Hajj Flight): | |
| (ক) | বিমান ভাড়া (নীট) মার্কিন ডলার ১৫২৫ (১৫২৫×৭৭.১০)<br>(ট্রাভেল এজেন্ট কমিশন ১৫.০০ মাঃডঃ ও সিটি চেক-ইন চার্জ ১০.০০ মাঃডঃ সহ) | ১,১৭,৫৭৭.৫০ |
| (খ) | জেদ্দা ডিপারচার ট্যাক্স সৌদি রিয়াল ৫০ (৫০×২১.০০) | ১,০৫০.০০ |
| (গ) | এম্বারকেশন ফি ৫০০.০০ টাকা | ৫০০.০০ |
| (ঘ) | এক্সাইজ ডিউটি ৫০০.০০ টাকা | ৫০০.০০ |
| (ঙ) | হজ্জ টার্মিনাল সার্ভিস চার্জ সৌদি রিয়াল ৩০ (৩০×২১.০০) | ৬৩০.০০ |
| | মোট ঃ | ১২০,২৫৭.৫০ |
| | | |
| ২. | **স্থানীয় সার্ভিস চার্জ ঃ**<br>আইডি কার্ড, কব্জিবেল্ট, কিটব্যাগ, হজ্জ ও ওমরাহ্ সংক্রান্ত পুস্তিকা, আই.টি সার্ভিস, হজ্জ ক্যাম্পে আবাসন ও প্রচারণাসহ হজ্জযাত্রীদের অন্যান্য সেবা প্রদান ইত্যাদি | ৮০০.০০ |
| ৩. | **হজ্জযাত্রীদের কল্যাণ তহবিল (আপৎকালীন ফান্ড)ঃ** | ২০০.০০ |
| ৪. | **প্রশিক্ষন ফি ঃ** | ৩০০.০০ |
| ৫. | **মোয়াল্লেম ফিঃ**<br>মিনা-আরাফা-এ তাঁবু ভাড়া এবং জেদ্দা-মক্কা-মদিনা ও আল-মাশায়েরে যাতায়াত ও পরিবহন ফি, সার্ভিস চার্জ, জমজমের পানি ইত্যাদি বাবদ সৌদি রিয়াল ১,১০৪ (১,১০৪×২১.০০) | ২৩,১৮৪.০০ |
| ৬. | মিনা-আরাফা ও আরাফা-মুযদালিফা-জামারা **ট্রেন ভাড়া** ঃ সৌদি রিয়াল ২৫০ (২৫০×২১.০০) | ৫,২৫০.০০ |
| ৭. | **অতিরিক্ত সার্ভিস চার্জ ঃ**<br>সৌদি আরবে মোয়াল্লেম এবং মোয়াচ্ছাছাকে প্রদেয় অতিরিক্ত সার্ভিস চার্জ সৌদি রিয়াল ৯৩৫(৯৩৫×২১.০০) | ১৯,৬৩৫.০০ |

চলমান পাতা-০৩

পূর্ব পৃষ্ঠার পর 

| | | |
|---|---|---|
| ৮. | **মক্কা ও মদিনায় বাড়ী ভাড়া ঃ** মক্কা ও মদিনায় হজ্জযাত্রী প্রতি সৌদি সরকার কর্তৃক নির্ধারিত আয়তনের বাসস্থান এবং ১% অতিরিক্ত বাসস্থানসহ সৌদি রিয়াল (৩৫০০+৫০০+৪০)=(৪,০৪০.০০×২১.০০) **বাড়ী ভেদে বাড়ী ভাড়ার অব্যয়িত অর্থ (যদি থাকে) ২০১০, ২০১১, ২০১২, ২০১৩ ও ২০১৪ সালের ন্যায় সৌদি আরবে হজ্জযাত্রীদের অবশ্যই ফেরত প্রদান করা হবে।** | ৮৪,৮৪০.০০ |
| ৯. | **খাওয়া খরচ ঃ** রাজকীয় সৌদি সরকারের নির্দেশনা মোতাবেক সৌদি আরবস্থ ক্যাটারিং কোম্পানীর মাধ্যমে দৈনিক তিন বেলা খাবার সরবরাহ করা হবে। দৈনিক তিন বেলা ৪০.০০ সৌদি রিয়াল হারে সর্বোচ্চ ৪০ (চল্লিশ) দিনের খাওয়া খরচ বাবদ (৪০× ৪০)= ১৬০০.০০ সৌদি রিয়াল (১৬০০× ২১.০০) | ৩৩,৬০০.০০ |
| ১০. | ৫৬ সেঃমিঃ × ২৫ সেঃমিঃ × ৪৫ সেঃমিঃ আয়তনের ও একই রং এর ব্যাগ সরবরাহ বাবদ সম্ভাব্য ব্যয় | ১,৭০০.০০ |
| ১১. | হজ্জ গাইড বাবদ ব্যয় ঃ প্রতি ৪৫ জন হজ্জযাত্রীর জন্য ১ জন হজ্জ গাইড হিসেবে | ৬,৪৩৯.৫০ |
| | *সর্বমোট(১+২+৩+৪+৫+৬+৭+৮+৯+১০+১১) =* | **২,৯৬,২০৬.০০ (দুই লক্ষ ছিয়ান্নব্বই হাজার দুইশত ছয়।)** |

**নোটঃপ্রতি মার্কিন ডলার ৭৭.১০ (সাতাত্তর টাকা দশ পয়সা) টাকা এবং প্রতি সৌদি রিয়াল ২১.০০ (একুশ) টাকা হারে ধরা হয়েছে।**

(খ) প্রত্যেক হজ্জযাত্রীকে কুরবানী খরচ বাবদ ৫০০.০০ (পাঁচশত) সৌদি রিয়াল সমপরিমান ১০,৫০০.০০ (দশ হাজার পাঁচশত) টাকা কম/বেশি পৃথকভাবে নিজ দায়িত্বে সংগে নিতে হবে ।

(গ) হজ্জের সার্বিক খরচ ছাড়াও প্রত্যেক হজ্জযাত্রী ১০০০(এক হাজার) মার্কিন ডলারের সমপরিমান বৈদেশিক মুদ্রা সাথে নিয়ে যেতে পারবেন।

(ঘ) সরকারি ব্যবস্থাপনায় গমনচ্ছু উভয় প্যাকেজের হজ্জযাত্রীদের মোয়াল্লেম ফি, ট্রেন ভাড়া, স্থানীয় সার্ভিস চার্জ, প্রশিক্ষণ ফি, আপৎকালীন ফান্ড, ও বিমান ভাড়া ও অন্যান্যসহ থোক ১,৫১,৬৯০.০০ (এক লক্ষ একান্ন হাজার ছয়শত নব্বই) টাকা সরকার নির্ধারিত ব্যাংকে জমা দিয়ে আগামী ০৫.০২.২০১৫ তারিখের মধ্যে সরাসরি/অন-লাইনে নিবন্ধন সম্পন্ন করতে হবে। প্যাকেজ-১ ও প্যাকেজ-২ এর হজ্জযাত্রীদের মোয়াল্লেমকে প্রদেয় অতিরিক্ত সার্ভিস চার্জ, বাড়ী ভাড়া, খাওয়া ও অন্যান্য খরচসমেত প্যাকেজ মূল্যের অবশিষ্ট টাকা যথাক্রমে ২,০৩,০৫৫.০০ (দুই লক্ষ তিন হাজার পঞ্চান্ন) এবং ১,৪৪,৫১৬.০০ (এক লক্ষ চুয়াল্লিশ হাজার পাঁচশত ষোল) জমা দেয়ার শেষ তারিখ ১০.০৬.২০১৫ ।

০৩। প্রচলিত ব্যবস্থায় টিএম ফরমে আবেদনের ভিত্তিতে কনফার্মড রিটার্ন এয়ার টিকেট ও আন্তর্জাতিক পাসপোর্টে এনডোর্সমেন্টপূর্বক বৈদেশিক মুদ্রা ইস্যু করা যাবে । বিমান টিকেটে উল্লিখিত যাত্রার তারিখের ২(দুই) সপ্তাহের পূর্বে কোন বৈদেশিক মুদ্রা ইস্যু করা যাবে না।

০৪। হজ্জ যাত্রীর আন্তর্জাতিক পাসপোর্টে প্রদত্ত স্বাক্ষর/টিপসহি টিএম ফরমে অনুরূপভাবে গ্রহণ করে নির্ধারিত পরিমাণ বৈদেশিক মুদ্রা কেবলমাত্র সংশ্লিষ্ট হজ্জ যাত্রীর নিকট হস্তান্তরের বিষয়টি অনুমোদিত ডিলারগণকে নিশ্চিত করতে হবে।

এ সার্কুলার পত্রের বিষয়বস্তু সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করার জন্য আপনাদেরকে অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আব্দুল মান্নান)
উপ মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০৩১৯।

সংযোজনী ঃ "হজ্জ প্যাকেজ-২০১৫ খ্রিঃ/১৪৩৬ হিজরী"

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ্জ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

# হজ্জ প্যাকেজ-২০১৫ খ্রিঃ/১৪৩৬ হিজরী

সৌদি আরবে চাঁদ দেখা সাপেক্ষে আগামী ২২ সেপ্টেম্বর/৯ যিলহজ্জ তারিখে ২০১৫খ্রিঃ/১৪৩৬হিজরী সালের পবিত্র হজ্জ অনুষ্ঠিত হবে। পবিত্র হজ্জব্রত পালনের জন্য সরকারি ব্যবস্থাপনায় ও ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হজ্জ এজেন্সির মাধ্যমে বেসরকারি ব্যবস্থাপনায় সৌদি আরব গমন করা যাবে। বাংলাদেশ হতে সরকারি ব্যবস্থাপনায় ১০,০০০ (দশ হাজার) ও বেসরকারি ব্যবস্থাপনায় ৯১,৭৫৮(একানব্বই হাজার সাতশত আটান্ন) জন সর্বমোট ১,০১,৭৫৮ (এক লক্ষ এক হাজার সাতশত আটান্ন) জন হজ্জযাত্রী পবিত্র হজ্জব্রত পালনের জন্য সৌদি আরব গমন করতে পারবেন।

২। **সরকারি ব্যবস্থাপনা ঃ**

২.১ সরকারি ব্যবস্থাপনায় গমনেচ্ছু হজ্জযাত্রীগণের জন্য জনপ্রতি **প্যাকেজ নং-০১** এ মোট খরচ ৩,৫৪,৭৪৫.০০ **(তিন লক্ষ চুয়ান্ন হাজার সাতশত পঁয়তাল্লিশ)** টাকা মাত্র নিম্নরূপভাবে নির্ধারণ করা হয়েছে।

| নং | ব্যয়ের খাতসমূহ | টাকা |
|---|---|---|
| ১. | **বিমান ভাড়া (ঢাকা-জেদ্দা/মদিনা-ঢাকা পথের Dedicated Hajj Flight) ঃ** | |
| | (ক) বিমান ভাড়া (নীট) মার্কিন ডলার ১৫২৫ (১৫২৫ x ৭৭.১০)<br>(ট্রাভেল এজেন্ট কমিশন ১৫.০০ মাঃডঃ ও সিটি চেক-ইন চার্জ ১০.০০ মাঃডঃ সহ) | ১,১৭,৫৭৭.৫০ |
| | (খ) জেদ্দা ডিপারচার ট্যাক্স সৌদি রিয়াল ৫০ (৫০ x ২১.০০) | ১,০৫০.০০ |
| | (গ) এম্বারকেশন ফি ৫০০.০০ টাকা | ৫০০.০০ |
| | (ঘ) এক্সাইজ ডিউটি ৫০০.০০ টাকা | ৫০০.০০ |
| | (ঙ) হজ্জ টার্মিনাল সার্ভিস চার্জ সৌঃরিঃ ৩০ (৩০ x ২১.০০) | ৬৩০.০০ |
| | মোট = | **১,২০,২৫৭.৫০** |
| ২. | **স্থানীয় সার্ভিস চার্জঃ**<br>আইডি কার্ড, কব্জিবেল্ট, কিটব্যাগ, হজ্জ ও ওমরাহ সংক্রান্ত পুস্তিকা, আই.টি সার্ভিস, হজ্জ ক্যাম্পে আবাসন ও প্রচারণাসহ হজ্জযাত্রীদের অন্যান্য সেবা প্রদান ইত্যাদি | ৮০০.০০ |
| ৩. | **হজ্জযাত্রীদের কল্যাণ তহবিল (আপৎকালীন ফান্ড) ঃ** | ২০০.০০ |
| ৪. | **প্রশিক্ষণ ফিঃ** | ৩০০.০০ |
| ৫. | **মোয়াল্লেম ফিঃ**<br>মিনা-আরাফা-এ তাঁবু ভাড়া এবং জেদ্দা-মক্কা-মদীনা ও আল-মাশায়েরে যাতায়াত ও পরিবহন ফি, সার্ভিস চার্জ, জম জমের পানি ইত্যাদি বাবদ সৌঃ রিঃ ১১০৪ (১১০৪ x ২১.০০) | ২৩,১৮৪.০০ |
| ৬. | মিনা-আরাফা ও আরাফা-মুযদালিফা-জামারা **ট্রেন ভাড়াঃ** সৌঃ রিঃ ২৫০ (২৫০ x ২১.০০) | ৫,২৫০.০০ |
| ৭. | **অতিরিক্ত সার্ভিস চার্জঃ**<br>সৌদি আরবে মোয়াল্লেম এবং মোয়াচ্ছাছাকে প্রদেয় অতিরিক্ত সার্ভিস চার্জ সৌঃরিঃ ৯৩৫ (৯৩৫ x ২১.০০) | ১৯,৬৩৫.০০ |
| ৮. | **মক্কা ও মদিনায় বাড়ী ভাড়াঃ**<br>মক্কা ও মদিনায় হজ্জযাত্রী প্রতি সৌদি সরকার কর্তৃক নির্ধারিত আয়তনের বাসস্থান এবং ১% অতিরিক্ত বাসস্থানসহ সৌঃ রিঃ (৬২০০+৫০০+৬৭)= (৬৭৬৭.০০ x ২১.০০)।<br>**বাড়ী ভেদে বাড়ী ভাড়ার অব্যয়িত অর্থ (যদি থাকে) ২০১০, ২০১১, ২০১২, ২০১৩ ও ২০১৪ সালের ন্যায় সৌদি আরবে হজ্জযাত্রীদের অবশ্যই ফেরত প্রদান করা হবে।** | ১,৪২,১০৭.০০ |
| ৯ | **খাওয়া খরচঃ**<br>রাজকীয় সৌদি সরকারের নির্দেশনা মোতাবেক সৌদি আরবস্থ ক্যাটারিং কোম্পানীর মাধ্যমে দৈনিক তিন বেলা খাবার সরবরাহ করা হবে। দৈনিক তিন বেলা ৪০.০০ সৌঃ রিঃ হারে সর্বোচ্চ ৪০ (চল্লিশ) দিনের খাওয়া খরচ বাবদ (৪০ x ৪০) = ১৬০০ সৌঃ রিঃ (১৬০০ x ২১.০০) | ৩৩,৬০০.০০ |
| ১০. | ৫৬ সেঃমিঃ x ২৫ সেঃমিঃ x ৪৫ সেঃমিঃ আয়তনের ও একই রং এর ব্যাগ সরবরাহ বাবদ সম্ভাব্য ব্যয় | ১,৭০০.০০ |
| ১১. | হজ্জ গাইড বাবদ ব্যয় ঃ প্রতি ৪৫ জন হজ্জযাত্রীর জন্য ১ জন হজ্জ গাইড হিসেবে | ৭,৭১১.৫০ |
| | **সর্বমোট (১+২+৩+৪+৫+৬+৭+৮+৯+১০+১১) =** | ৩,৫৪,৭৪৫.০০ |
| | **নোটঃ প্রতি মার্কিন ডলার ৭৭.১০ (সাতাত্তর টাকা দশ পয়সা) টাকা এবং প্রতি সৌদি রিয়াল ২১.০০ (একুশ) টাকা হারে ধরা হয়েছে)** | |

**তাছাড়াও প্রত্যেক হজ্জযাত্রীকে কুরবানী খরচ বাবদ ৫০০.০০ (পাঁচশত) সৌঃরিঃ সমপরিমান ১০,৫০০.০০ (দশ হাজার পাঁচশত) টাকা কম/বেশী পৃথকভাবে নিজ দায়িত্বে সংগে নিতে হবে।**

২.২ সরকারি ব্যবস্থাপনায় গমনেচ্ছু হজ্জযাত্রীগণের জন্য জনপ্রতি **প্যাকেজ নং-০২** এ মোট খরচ **২,৯৬,২০৬.০০ (দুই লক্ষ ছিয়ানব্বই হাজার দুইশত ছয়) টাকা** মাত্র নিম্নরূপভাবে নির্ধারণ করা হয়েছে ।

| নং | ব্যয়ের খাতসমূহ | টাকা |
|---|---|---|
| ১. | **বিমান ভাড়া (ঢাকা-জেদ্দা/মদিনা-ঢাকা পথের** Dedicated Hajj Flight) ঃ | |
| | (ক) বিমান ভাড়া (নীট) মার্কিন ডলার ১৫২৫ (১৫২৫ x ৭৭.১০)<br>(ট্রাভেল এজেন্ট কমিশন ১৫.০০ মাঃডঃ ও সিটি চেক-ইন চার্জ ১০.০০ মাঃডঃ সহ) | ১,১৭,৫৭৭.৫০ |
| | (খ) জেদ্দা ডিপারচার ট্যাক্স সৌদি রিয়াল ৫০ (৫০ x ২১.০০) | ১,০৫০.০০ |
| | (গ) এম্বারকেশন ফি ৫০০.০০ টাকা | ৫০০.০০ |
| | (ঘ) এক্সাইজ ডিউটি ৫০০.০০ টাকা | ৫০০.০০ |
| | (ঙ) হজ্জ টার্মিনাল সার্ভিস চার্জ সৌঃরিঃ ৩০ (৩০ x ২১.০০) | ৬৩০.০০ |
| | মোট = | **১,২০,২৫৭.৫০** |
| ২. | **স্থানীয় সার্ভিস চার্জঃ**<br>আইডি কার্ড, কব্জিবেল্ট, কিটব্যাগ, হজ্জ ও ওমরাহ সংক্রান্ত পুস্তিকা, আই.টি সার্ভিস, হজ্জ ক্যাম্পে আবাসন ও প্রচারণাসহ হজ্জযাত্রীদের অন্যান্য সেবা প্রদান ইত্যাদি | ৮০০.০০ |
| ৩. | **হজ্জযাত্রীদের কল্যাণ তহবিল (আপৎকালীন ফান্ড) ঃ** | ২০০.০০ |
| ৪. | **প্রশিক্ষণ ফিঃ** | ৩০০.০০ |
| ৫. | **মোয়াল্লেম ফিঃ**<br>মিনা-আরাফা-এ তাঁবু ভাড়া এবং জেদ্দা-মক্কা-মদীনা ও আল-মাশায়েরে যাতায়াত ও পরিবহন ফি, সার্ভিস চার্জ, জম জমের পানি ইত্যাদি বাবদ সৌঃ রিঃ ১১০৪ (১১০৪ x ২১.০০) | ২৩,১৮৪.০০ |
| ৬. | মিনা-আরাফা ও আরাফা-মুযদালিফা-জামারা **ট্রেন ভাড়াঃ** সৌঃ রিঃ ২৫০ (২৫০ x ২১.০০) | ৫,২৫০.০০ |
| ৭. | **অতিরিক্ত সার্ভিস চার্জঃ**<br>সৌদি আরবে মোয়াল্লেম এবং মোয়াচ্ছাছাকে প্রদেয় অতিরিক্ত সার্ভিস চার্জ সৌঃরিঃ ৯৩৫(৯৩৫ x ২১.০০) | ১৯,৬৩৫.০০ |
| ৮. | **মক্কা ও মদিনায় বাড়ী ভাড়াঃ**<br>মক্কা ও মদিনায় হজ্জযাত্রী প্রতি সৌদি সরকার কর্তৃক নির্ধারিত আয়তনের বাসস্থান এবং ১% অতিরিক্ত বাসস্থানসহ সৌঃ রিঃ (৩৫০০+৫০০+৪০)= (৪০৪০.০০ x ২১.০০)।<br>**বাড়ী ভেদে বাড়ী ভাড়ার অব্যয়িত অর্থ (যদি থাকে) ২০১০, ২০১১, ২০১২, ২০১৩ ও ২০১৪ সালের ন্যায় সৌদি আরবে হজ্জযাত্রীদের অবশ্যই ফেরত প্রদান করা হবে।** | ৮৪,৮৪০.০০ |
| ৯ | **খাওয়া খরচঃ**<br>রাজকীয় সৌদি সরকারের নির্দেশনা মোতাবেক সৌদি আরবস্থ ক্যাটারিং কোম্পানীর মাধ্যমে দৈনিক তিন বেলা খাবার সরবরাহ করা হবে। দৈনিক তিন বেলা ৪০.০০ সৌঃ রিঃ হারে সর্বোচ্চ ৪০ (চল্লিশ) দিনের খাওয়া খরচ বাবদ (৪০ x ৪০) = ১৬০০ সৌঃ রিঃ (১৬০০ x ২১.০০) | ৩৩,৬০০.০০ |
| ১০. | ৫৬ সেঃমিঃ x ২৫ সেঃমিঃ x ৪৫ সেঃমিঃ আয়তনের ও একই রং এর ব্যাগ সরবরাহ বাবদ সম্ভাব্য ব্যয় | ১,৭০০.০০ |
| ১১. | হজ্জ গাইড বাবদ ব্যয় ঃ প্রতি ৪৫ জন হজ্জযাত্রীর জন্য ১ জন হজ্জ গাইড হিসেবে | ৬,৪৩৯.৫০ |
| | **সর্বমোট (১+২+৩+৪+৫+৬+৭+৮+৯+১০+১১) =** | **২,৯৬,২০৬.০০** |

**নোটঃ প্রতি মার্কিন ডলার ৭৭.১০ (সাতাত্তর টাকা দশ পয়সা) টাকা এবং প্রতি সৌদি রিয়াল ২১.০০ (একুশ) টাকা হারে ধরা হয়েছে)**

**তাছাড়াও প্রত্যেক হজ্জযাত্রীকে কুরবানী খরচ বাবদ ৫০০.০০ (পাঁচশত) সৌঃরিঃ সমপরিমান ১০,৫০০.০০ (দশ হাজার পাঁচশত) টাকা কম/বেশী পৃথকভাবে নিজ দায়িত্বে সংগে নিতে হবে।**

২.৩ **প্রতিজন হজ্জযাত্রীর প্রাপ্য সুবিধাসমূহ ঃ** (ক) সৌদি আরব গমনের ভিসা, (খ) বিমান বাংলাদেশ এয়ারলাইন্সযোগে নির্ধারিত সময়ে ঢাকা-জেদ্দা-ঢাকা পথে সরাসরি সৌদি আরবে যাওয়া-আসার সুযোগ, (গ) **প্যাকেজ ০১** এর হজ্জযাত্রীগণ মক্কায় ক্বাবা শারীফ থেকে **সর্বোচ্চ ১২০০ মিটার** ও মদিনায় মসজিদে নববী থেকে **সর্বোচ্চ ৫০০ মিটারের** মধ্যে তাসরিয়াযুক্ত বাড়ীতে অবস্থান করবেন, (ঘ) **প্যাকেজ ০২** এর হজ্জযাত্রীগণ মক্কায় ক্বাবা শারীফ থেকে ২কিঃমিঃ এর মধ্যে তাসরিয়াযুক্ত বাড়ীতে অবস্থান করবেন। তবে যদি বর্ণিত দরে কাছা-কাছি বাড়ী/হোটেল ভাড়া করা সম্ভব না হয় তাহলে ২কিঃমিঃ এর অধিক দুরত্বের আজিজিয়া এলাকায় অবস্থিত উন্নতমানের বাড়ী/হোটেলে অবস্থান করবেন এবং তাঁরা সৌদি সরকারের বিধান অনুযায়ী বাসযোগে প্রতিদিন হারাম শরীফে যাতায়াত করবেন ও মদিনায় মসজিদে নববী থেকে **সর্বোচ্চ ৮০০ মিটারের** মধ্যে তাসরিয়াযুক্ত বাড়ীতে

অবস্থান করবেন, (ঙ) সৌদি সরকার কর্তৃক প্রদত্ত তাসরিয়ায় উল্লিখিত বাড়ী প্রতি সীট সংখ্যা অনুযায়ী নির্ধারিত জায়গায় **১**টি খাট, **১**টি বিছানা, **১**টি বালিশ ও **১**টি কম্বল, (চ) কক্ষ শীতাতপ নিয়ন্ত্রিত হবে (কোন কোন কক্ষে অতিরিক্ত ফ্যান থাকতে পারে), (ছ) ৫-৬ জনের জন্য ১টি সংযুক্ত/কমন গোসলখানা/টয়লেট, (জ) প্রতি বাড়ীতে সাপ্লাইয়ের পানির ব্যবস্থা, (ঝ) বাড়ীর প্রতি কক্ষে/ফ্লোরে এক বা একাধিক ফ্রিজ ও টিভি (ঞ) প্রতি হাজীর জন্য মীনায় তাঁবুতে সৌদি সরকার কর্তৃক নির্ধারিত নির্দিষ্ট পরিমাণ জায়গা, (ট) অনুমোদিত রুটে জেদ্দা-মক্কা-মদিনা-মীনা-আরাফা-এ যাওয়া-আসার জন্য পরিবহন সুবিধা, (ঠ) মক্কা ও মদিনায় সাধারণ চিকিৎসা সুবিধা, (ড) আশকোনাস্থ হজ্জ ক্যাম্পের ডরমেটরীতে ফ্লাইটপূর্ব/ ফ্লাইট পরবর্তী থাকার ব্যবস্থা, ক্যাফেটেরিয়াতে নিজ খরচে খাবারের ব্যবস্থা, হজ্জের আহ্‌কাম-আরকান সম্পর্কে নিবিড় প্রশিক্ষণ, বইপুস্তক সরবরাহ এবং কাস্টম/ইমিগ্রেশনের আনুষ্ঠানিকতা শেষে বাসযোগে বিমান বন্দরে পৌঁছানো, (ঢ) **প্রতি ৪৫ জন** হজ্জযাত্রীর জন্য **১** জন অভিজ্ঞ গাইড নিয়োগ ও **(ণ) কুরবানী খরচ বাবদ প্রত্যেক হজ্জযাত্রীকে আনুমানিক সৌঃরিঃ ৫০০(পাঁচশত) সমপরিমাণ ১০.৫০০.০০ (দশ হাজার পাঁচশত) সৌঃ রিঃ (কম/বেশি) পৃথকভাবে নিজ দায়িত্বে সংগে নিয়ে যেতে হবে। কুরবানী সৌদি আরবস্থ ইসলামী ডেভেলপমেন্ট ব্যাংক-এর কুপন ক্রয়ের মাধ্যমে প্রদান করাই শ্রেয় হবে।**

২.৪ **সরকারি ব্যবস্থাপনায় হজ্জযাত্রী নিবন্ধন (Registration)** ঃ সরকারি ব্যবস্থাপনায় গমনেচ্ছু উভয় প্যাকেজের হজ্জযাত্রীদের মোয়াল্লেম ফি, ট্রেন ভাড়া, স্থানীয় সার্ভিস চার্জ, প্রশিক্ষণ ফি, আপৎকালীন ফান্ড, ও বিমান ভাড়া ও অন্যান্যসহ থোক **১,৫১,৬৯০.০০ (এক লক্ষ একান্ন হাজার ছয়শত নব্বই)** টাকা সরকার নির্ধারিত ব্যাংকে জমা দিয়ে **আগামী ০৫.০২.২০১৫খ্রিঃ তারিখের** মধ্যে সরাসরি/অন-লাইনে নিবন্ধন (Registration) সম্পন্ন করতে হবে। প্যাকেজ-১ ও ২ এর হজ্জযাত্রীদের মোয়াল্লেমকে প্রদেয় অতিরিক্ত সার্ভিস চার্জ, বাড়ী ভাড়া, খাওয়া ও অন্যান্য খরচসমেত প্যাকেজ মূল্যের অবশিষ্ট টাকা যথাক্রমে **২,০৩,০৫৫.০০ (দুই লক্ষ তিন হাজার পঞ্চান্ন)** এবং **১,৪৪,৫১৬.০০ (এক লক্ষ চুয়াল্লিশ হাজার পাঁচশত ষোল) জমা দেয়ার শেষ তারিখ ১০.০৬.২০১৫খ্রিঃ। সরকার নির্ধারিত উল্লিখিত তারিখসমূহের মধ্যে নিবন্ধন নিশ্চিত করতঃ প্যাকেজ মূল্যের অবশিষ্ট টাকা যথাসময়ে জমা দিতে ব্যর্থ হলে কোনক্রমেই পবিত্র হজ্জব্রত পালনের লক্ষ্যে সৌদি আরব গমন করা যাবে না।**

২.৫ হজ্জের নিবন্ধন ফরম জেলা প্রশাসকের কার্যালয়/ইসলামিক ফাউন্ডেশনের জেলা ও বিভাগীয় কার্যালয়/ জাতীয় মসজিদ বায়তুল মোকাররমের দ্বীনি দাওয়াত বিভাগের কার্যালয়/উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়/সরকার নির্ধারিত ব্যাংকসমূহের শাখাসমূহ এবং হজ্জ শাখা, কক্ষ নং-১০৩, ভবন নং-৮, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ও হজ্জ অফিস, আশকোনা, ঢাকা হতে সংগ্রহ করতঃ পুরণ করে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিয়ে নিবন্ধিত হওয়া যাবে। এছাড়াও www.hajj.gov.bd ও www.mora.gov.bd ওয়েব সাইট এ প্রবেশ করে অন লাইনে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করা যাবে। তাছাড়াও নিবন্ধন ফরম ডাউন লোড ও প্রিন্ট আউট নিয়ে স্বাক্ষর পূর্বক উল্লিখত অফিসগুলোতে যথাসময়ে জমা দিয়ে নিবন্ধন করা যাবে। নিবন্ধন ফরম সঠিকভাবে পূরণ করে স্ব-স্ব জেলা প্রশাসকের কার্যালয়, ইসলামিক ফাউন্ডেশনের জেলা ও বিভাগীয় কার্যালয়, উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়, জাতীয় মসজিদ বায়তুল মোকাররমের দীনি দাওয়াত বিভাগের কার্যালয়, হজ্জ অফিস, ঢাকা এবং হজ্জ শাখায় **০৫.০২.২০১৫খ্রিঃ তারিখের** মধ্যে অবশ্যই দাখিল করতে হবে। তাছাড়াও নিবন্ধন ফি ব্যতীত প্যাকেজ মূল্যের অবশিষ্ট টাকা সরকার **নির্ধারিত ১০.০৬.২০১৫খ্রিঃ** তারিখের মধ্যে সংশ্লিষ্ট ব্যাংকে জমা দিয়ে টাকা জমার প্রমানক নিবন্ধন ফরম জমাদানকারী অফিসে দাখিল নিশ্চিত করতে হবে।

২.৬ **নির্ধারিত ব্যাংকসমূহঃ সরকারি ব্যবস্থাপনায় গমনেচ্ছু হজ্জযাত্রীদের নিবন্ধন ফি ও হজ্জ সংক্রান্ত প্যাকেজ মূল্যের অবশিষ্ট টাকা সরকার নির্ধারিত ব্যাংকসমূহের যে কোন শাখায় জমা দেয়া যাবে। সরকার নির্ধারিত ব্যাংকসমূহের তালিকা পত্রিকা মারফত বিজ্ঞপ্তি আকারে পরবর্তীতে প্রকাশ করা হবে।**

২.৭ জেলা প্রশাসকগণ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক/বিভাগীয় পরিচালকের কার্যালয় হতে প্রাপ্ত ও তাঁর নিজ দপ্তরে প্রাপ্ত নিবন্ধন ফরমসমূহ যাচাই-বাছাই করে নিবন্ধিত হজ্জযাত্রীদের নাম, ঠিকানা, পাসপোর্ট নম্বর, নিবন্ধন ফি জমার ব্যাংক এর নাম, নিবন্ধন ফি জমার রশিদ নং ও তারিখ ইত্যাদি তথ্যাদিসহ একটি পুর্ণাঙ্গ তালিকা বিশেষ বাহক মারফত নিবন্ধের শেষ তারিখের **পরবর্তী ০৫(পাঁচ) কর্মদিবসের** মধ্যে হজ্জ অফিস, আশকোনা, ঢাকায় প্রেরণ নিশ্চিত করবেন। নিবন্ধিত হজ্জযাত্রীদের প্যাকেজ মূল্যের অবশিষ্ট টাকা সরকার নির্ধারিত সময়ের মধ্যে ব্যাংকে জমাদানের মূল প্রমানপত্র

ও নিবন্ধন ফরমসহ সংশ্লিষ্ট কাগজপত্রাদি আগামী **১০.০৬.২০১৫খ্রিঃ** তারিখের **পরবর্তী ০৫(পাঁচ) কর্মদিবসের** মধ্যে পূর্বের ন্যায় বিশেষ বাহক মারফত হজ্জ অফিস, আশকোনা, ঢাকায় প্রেরণ নিশ্চিত করবেন এবং একটি করে তালিকা পুলিশ ছাড়পত্র এবং স্বাস্থ্য পরীক্ষার জন্য যথাক্রমে পুলিশ কমিশনার/পুলিশ সুপার ও মহানগর/জেলা/উপজেলা মেডিক্যাল বোর্ড প্রধানের নিকট প্রেরণ করবেন।

২.৮ হজ্জযাত্রীদের জন্য ঢাকাস্থ হজ্জ অফিসের মাধ্যমে সৌদি আরব গমনের ভিসা, বিমানের টিকেট ও বৈদেশিক মুদ্রার ব্যবস্থা করা হবে।

২.৯ হজ্জযাত্রীদেরকে নিজ উদ্যোগে **মেশিন রিডাবল আর্ন্তজাতিক পাসপোর্ট (MRP)** সংগ্রহ করতে হবে।

২.১০ সরকারি ব্যবস্থাপনার সকল হজ্জযাত্রী কেবল হযরত শাহ জালাল (রাঃ) আর্ন্তজাতিক বিমানবন্দর, ঢাকা দিয়ে সৌদি আরব গমনাগমন করবেন।

২.১১ সরকারি ব্যবস্থাপনার হজ্জযাত্রীদের লাগেজে নাম, আর্ন্তজাতিক পাসপোর্ট নম্বর ও মোয়াল্লেম নম্বর ইংরেজীতে লেখা বাধ্যতামূলক।

২.১২ সৌদি আরবে মক্কায় অবস্থিত কাউন্সেলর (হজ্জ) এর সাথে পরামর্শক্রমে আশকোনাস্থ পরিচালক, হজ্জ অফিস, ঢাকা হজ্জযাত্রীদের মক্কার বাসা বরাদ্দ করবেন এবং বাংলাদেশ হজ্জ অফিস, মক্কা হজ্জযাত্রীদের মদিনার বাসা বরাদ্দ করবেন ।

## ৩. বেসরকারি ব্যবস্থাপনা ঃ

**৩.১ ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হজ্জ এজেন্সির মাধ্যমে বেসরকারি ব্যবস্থাপনায় গমনেচ্ছু হজ্জযাত্রী প্রতি ব্যয় ঃ**

| নং | ব্যয়ের খাতসমুহ | টাকা |
|---|---|---|
| ১. | **বিমান ভাড়া (ঢাকা-জেদ্দা/মদিনা-ঢাকা পথের Dedicated Hajj Flight) ঃ** | |
| | (ক) বিমান ভাড়া (নীট) মার্কিন ডলার ১৫২৫ (১৫২৫ x ৭৭.১০)<br>(ট্রাভেল এজেন্ট কমিশন ১৫.০০ মাঃডঃ ও সিটি চেক-ইন চার্জ ১০.০০ মাঃডঃ সহ) | ১,১৭,৫৭৭.৫০ |
| | (খ) জেদ্দা ডিপারচার ট্যাক্স সৌদি রিয়াল ৫০ (৫০ x ২১.০০) | ১,০৫০.০০ |
| | (গ) এম্বারকেশন ফি ৫০০.০০ টাকা | ৫০০.০০ |
| | (ঘ) এক্সাইজ ডিউটি ৫০০.০০ টাকা | ৫০০.০০ |
| | (ঙ) হজ্জ টার্মিনাল সার্ভিস চার্জ সৌঃরিঃ ৩০ (৩০ x ২১.০০) | ৬৩০.০০ |
| | মোট = | **১,২০,২৫৭.৫০** |
| ২. | **স্থানীয় সার্ভিস চার্জঃ**<br>আইডি কার্ড, কব্জিবেল্ট, কিটব্যাগ, হজ্জ ও ওমরাহ সংক্রান্ত পুস্তিকা, আই.টি সার্ভিস, হজ্জ ক্যাম্পে আবাসন ও প্রচারণাসহ হজ্জযাত্রীদের অন্যান্য সেবা প্রদান ইত্যাদি | ৮০০.০০ |
| ৩. | **হজ্জযাত্রীদের কল্যাণ তহবিল (আপৎকালীন ফান্ড) ঃ** | ২০০.০০ |
| ৪. | **প্রশিক্ষণ ফিঃ** | ৩০০.০০ |
| ৫. | **মোয়াল্লেম ফিঃ**<br>মিনা-আরাফা-এ তাঁবু ভাড়া এবং জেদ্দা-মক্কা-মদীনা ও আল-মাশায়েরে যাতায়াত ও পরিবহন ফি, রাজকীয় সৌদি সরকারের নির্দেশনা মোতাবেক অতিরিক্ত ১% সীট ভাড়া ও হজ্জযাত্রীপ্রতি রাজকীয় সৌদি সরকারকে প্রদেয় ব্যাংক গ্যারান্টি (অফেরত যোগ্য), সার্ভিস চার্জ, জমজমের পানি ইত্যাদি সৌঃ রিঃ (১১৯৪ ×২১.০০) | ২৫,০৭৪.০০ |
| ৬. | ৫৬ সেঃমিঃ x ২৫ সেঃমিঃ x ৪৫ সেঃমিঃ আয়তনের ও একই রং এর ব্যাগ সরবরাহ বাবদ সম্ভাব্য ব্যয় | ১,৭০০.০০ |
| | **সর্বমোট (১+২+৩+৪+৫+৬) =** | **১,৪৮,৩৩১.৫০** |

**এ ছাড়াও সরকার অনুমোদিত প্রত্যেকটি হজ্জ এজেন্সী বেসরকারী ব্যবস্থাপনার হজ্জযাত্রীদের জন্য নিজ নিজ প্যাকেজ অনুযায়ী মক্কা ও মদিনার বাড়ী/হোটেল ভাড়া, খাওয়া খরচ, মোয়াল্লেমকে প্রদেয় অতিরিক্ত সার্ভিস ইত্যাদি বাবদ ব্যয় চূড়ান্তকরতঃ সর্বোচ্চ ২(দুই)টি হজ্জ প্যাকেজ ঘোষণা করবে এবং প্যাকেজ অনুযায়ী বাড়ী/হোটেল ভাড়া করণ, ক্যাটারিং কোম্পানীর সাথে চুক্তি সম্পাদন ও হজ্জযাত্রীদের সৌদি আরব গমনাগমন নিশ্চিত করবেন। রাজকীয় সৌদি সরকারের নির্দেশনা মোতাবেক সৌদি আরবে প্রত্যেকটি হজ্জ এজেন্সির নিজ নিজ নামে ব্যাংক হিসাব সচল রাখতে হবে এবং উহার মাধ্যমে আবাসন ও খাবারের অর্থ পরিশোধ করতে হবে। যে সকল হজ্জ এজেন্সী SAMA (Saudi Arabian Monitoring Agency) এর নির্দেশনা অনুযায়ী সৌদি আরবে ব্যাংক হিসাব সচল রাখবেন না এবং ব্যাংকের মাধ্যমে বাড়ী/হোটেল ভাড়া ও খাবারের অর্থ পরিশোধ করবে না সে সকল হজ্জ এজেন্সী হজ্জযাত্রী প্রেরণে রাজকীয় সৌদি সরকারের অনুমোদন পাবে না এবং এ সকল কার্যক্রম অনলাইনের মাধ্যমে সম্পাদন করতে হবে। ১৩ জিলহজ্জ তারিখ পর্যন্ত বাংলাদেশী হজ্জযাত্রীদের ৫০% মিনায় অবস্থান নিশ্চিত করতে হবে।**

**নোটঃ প্রতি মার্কিন ডলার ৭৭.১০ (সাতাত্তর টাকা দশ পয়সা) টাকা এবং প্রতি সৌদি রিয়াল ২১.০০ (একুশ) টাকা হারে ধরা হয়েছে)**

৩.২ **বেসরকারি ব্যবস্থাপনায় হজ্জযাত্রী নিবন্ধন (Registration)** ঃ বেসরকারি ব্যবস্থাপনার প্রত্যেক হজ্জযাত্রীকে পূর্ণ নাম, মেশিন রিডাবল পাসপোর্ট (MRP) নম্বর, পুর্নাঙ্গ ঠিকানা ও মোবাইল নম্বর উল্লেখ পূর্বক সরকার নির্ধারিত ব্যাংকসমূহের যে কোনা শাখায় মোয়াল্লেম ফি, বিমান ভাড়া, প্রশিক্ষণ ফি, স্থানীয় সার্ভিস চার্জসহ নিবন্ধন (Registration) ফি বাবদ **১,৪৮,৩৩১.৫০ (এক লক্ষ আট চল্লিশ হাজার তিনশত একত্রিশ টাকা পঞ্চাশ পয়সা)** টাকা জমা দিয়ে **আগামী ০৫.০২.২০১৫খ্রিঃ তারিখের** মধ্যে হজ্জে গমনের লক্ষ্যে নিবন্ধন (Registration) সম্পন্ন করতে হবে। এ ক্ষেত্রে বেসরকারি ব্যবস্থাপনায় সরকার কর্তৃক অনুমোদিত হজ্জ এজেন্সীসমূহ উক্ত হজ্জ এজেন্সীর মাধ্যমে নিবন্ধনকৃত হজ্জযাত্রীদের পুর্নাঙ্গ ঠিকানা (নাম, পাসপোর্ট নম্বর ও অন্যান্য তথ্যাদিসহ), মোয়াল্লেম ফি, বিমান ভাড়া, সরকার নির্ধারিত স্থানীয় সার্ভিস চার্জ ইত্যাদিসহ নিবন্ধন (Registration) ফি জমাদানের মুল কাগজপত্রাদি সম্বলিত একটি তালিকা আগামী **০৯.০২.২০১৫খ্রিঃ** তারিখের মধ্যে হজ্জ অফিস, আশকোনা, ঢাকায় জমা দিবেন। তাছাড়াও বেসরকারী ব্যবস্থাপনায় গমনেচ্ছু হজ্জযাত্রীদের নিবন্ধন ফি জমা/গ্রহণকারী ব্যাংকসমূহ তাদের নিজ নিজ ব্যাংকে হজ্জ এজেন্সী অনুযায়ী নিবন্ধন ফি জমাদানকারী হজ্জযাত্রীদের নাম ঠিকানসহ পুর্নাঙ্গ তথাদি সমন্বিত একটি তালিকা আগামী **০৯.০২.২০১৫খ্রিঃ** তারিখের মধ্যে হজ্জ অফিস, আশকোনা, ঢাকায় প্রেরণ নিশ্চিত করবেন। **সংশ্লিষ্ট হজ্জ এজেন্সী ও ব্যাংক কর্তৃপক্ষ হজ্জ অফিসে প্রেরিত তালিকার এক সেট অনুলিপি উল্লিখিত তারিখের মধ্যে সচিব ধর্ম বিষয়ক মন্ত্রণলয় বরাবরে প্রেরণ নিশ্চিত করবে**। সরকার কর্তৃক নির্ধারিত **তারিখের পর কোন অবস্থাতেই হজ্জযাত্রীদের নিবন্ধন ফি কোন ব্যাংক গ্রহণ করবে না এবং উল্লিখিত ০৯.০২.২০১৫খ্রিঃ তারিখের পর কোন হজ্জ এজেন্সীর তালিকা হজ্জ অফিস, আশকোনা, ঢাকা গ্রহন/জমা নিবেন না।**

৩.৩ হজ্জযাত্রী প্রতি মোয়াল্লেম ফি, সার্ভিস চার্জ, বিমান ভাড়াসহ নিবন্ধন ফি বাবদ **১,৪৮,৩৩১.৫০ (এক লক্ষ আট চল্লিশ হাজার তিনশত একত্রিশ টাকা পঞ্চাশ পয়সা) টাকা সরকারের নির্ধারিত ব্যাংক হিসাবে এবং একই আকার ও আয়তনের ব্যাগ সরবরাহের জন্য হজ্জযাত্রী প্রতি ১,৭০০.০০ (এক হাজার সাতশত) টাকা হাব এর ব্যাংক হিসাবে ০৫.০২.২০১৫খ্রিঃ** তারিখের মধ্যে যে সকল ব্যাংকে হজ্জ এজেন্সীগুলোর নিজ নিজ নামীয় ব্যাংক হিসাব রয়েছে সে সকল ব্যাংকের মাধ্যমে জমা প্রদান করে হজ্জযাত্রীদের নিবন্ধন নিশ্চিত করবেন।

৩.৪ এ ছাড়াও (ক) মিনা-আরাফা-এ মোয়াল্লেমের অতিরিক্ত সার্ভিস চার্জ, (খ) মক্কা-মদিনায় বাড়ী/হোটেল ভাড়া ব্যয়, (গ) হজ্জযাত্রীদের কুরবানী খরচ (কুরবানী নিশ্চিত করার জন্য সৌদি আরবে ইসলামী ডেভেলপমেন্ট ব্যাংক-এ অর্থ জমা করে কুপন প্রত্যেক হজ্জযাত্রীকে দিতে হবে ও (ঘ) হজ্জ গাইড বাবদ খরচ প্রত্যেক হজ্জ এজেন্সী নিজ নিজ হজ্জ প্যাকেজ অনুযায়ী নির্ধারণ করবে।

৩.৫ হজ্জ এজেন্সীসমূহকে বেসরকারি ব্যবস্থাপনার হজ্জযাত্রীগণকে ঢাকা/চট্টগ্রাম/সিলেট-জেদ্দা/মদিনা-ঢাকা/চট্টগ্রাম/সিলেট পথে সরাসরি (Hajj Dedicated) ফ্লাইট যোগে সৌদি আরব যাতায়াত নিশ্চিত করতে হবে।

৩.৬ হজ্জ ব্যবস্থাপনার বিষয়ে সরকার ও হজ্জ এজেন্সীকে **আগামী ০৩.০২.২০১৫খ্রিঃ তারিখের মধ্যে দ্বি-পাক্ষিক চুক্তি সম্পাদন** করতে হবে। সরকার ও হজ্জ এজেন্সীর মধ্যে দ্বি-পাক্ষিক চুক্তি ব্যতিরেকে কোন হজ্জ এজেন্সী হজ্জ প্যাকেজ ঘোষণা করতঃ হজ্জযাত্রী সংগ্রহ করতে পারবে না।

৩.৭ **প্রত্যেক হজ্জ এজেন্সীকে হজ্জযাত্রীর সাথে সরকার নির্ধারিত ফরমে পৃথক পৃথক চুক্তি সম্পাদন করতে হবে। হজ্জ এজেন্সী ও হজ্জযাত্রীর মধ্যে দ্বি-পাক্ষিক চুক্তি সম্পাদন ব্যতিরেকে কোন এজেন্সী হজ্জ বাবদ অর্থ সংগ্রহ করতে পারবে না ও ভিসা প্রক্রিয়াকরণ হবে না। চুক্তির মূল কপি হজ্জযাত্রীর নিকট, একটি অনুলিপি ঢাকাস্থ হজ্জ অফিসে এবং অন্যটি হজ্জ এজেন্সীর নিকট সংরক্ষিত থাকবে।**

৩.৮ প্রত্যেকটি হজ্জ এজেন্সিকে উক্ত হজ্জ এজেন্সীর মাধ্যমে নিবন্ধনকারী হজ্জযাত্রীদের নিকট হতে বাড়ী/হোটেল ভাড়া ও খাওয়া খরচসহ অন্যান্য ফি (সরকার ঘোষিত নূন্যতম প্যাকেজ মূল্য **২,৯৬,২০৬.০০ (দুই লক্ষ ছিয়ানব্বই হাজার দুইশত ছয়) টাকার অবশিষ্ট অংশ (২,৯৬,২০৬.০০ - ১,৪৮,৩৩১.৫০) = ১,৪৭,৮৭৪.৫০ (একলক্ষ সাতচল্লিশ হাজার আটশত চুয়াত্তর টাকা পঞ্চাশ পয়সা) ১০.০৬.২০১৪খ্রিঃ** তারিখের মধ্যে হজ্জ এজেন্সীর নিজ নিজ ব্যাংক হিসাবে জমা হয়েছে মর্মে সংশ্লিষ্ট ব্যাংকের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও হাব কর্তৃক প্রতিস্বাক্ষরিত ব্যাংক ষ্টেটমেন্ট (জমা বিবরণী) হজ্জ অফিস, ঢাকার বরাবরে জমাদান নিশ্চিত করতে হবে এবং উহার অনুলিপি অবশ্যই ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

৩.৯ **প্রত্যেক হজ্জ এজেন্সী নিজ নিজ এজেন্সীর মাধ্যমে নিবন্ধিত হজ্জযাত্রীদের সমন্বিত একটি তালিকা বিশেষ বাহক মারফত ০৯.০২.২০১৫খ্রিঃ তারিখের মধ্যে হজ্জ অফিস, আশকোনা, বিমান বন্দর, ঢাকা ও ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করবে এবং একটি তালিকা স্বাস্থ্য পরীক্ষার জন্য সংশ্লিষ্ট মহানগর/জেলা/উপজেলা মেডিক্যাল বোর্ড প্রধানের নিকট প্রেরণ করবে।**

৩.১০ নিবন্ধন ফরম, চুক্তির ফরমসহ অন্যান্য ফরম হজ্জ অফিস, ঢাকা হতে সংগ্রহ করা যাবে, তাছাড়া সংশ্লিষ্ট ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে।

৩.১১ বেসরকারি ব্যবস্থাপনায় গমনেচ্ছু হজ্জযাত্রীদের জন্য রাজকীয় সৌদি সরকার কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে **মক্কা ও মদিনায় অবশ্যই** বাড়ী/হোটেল ভাড়া এবং হজ্জযাত্রীর সংখ্যা অনুযায়ী ক্যাটারিং কোম্পানীর সাথে খাবার সংক্রান্ত চুক্তি সম্পাদনের কার্যক্রম সমাপ্ত করে মক্কাস্থ হজ্জ মন্ত্রণালয় থেকে নিজ নিজ এজেন্সীর অনুকূলে নির্দিষ্ট বারকোড সংগ্রহ করতে হবে। তবে **মাননীয় হজ্জমন্ত্রী, সৌদি আরব এর পরামর্শ মোতাবেক রমজান মাসের মধ্যেই উহা সম্পন্ন করা উত্তম হবে। মক্কা আল মোকাররমায় হজ্জযাত্রীদের জন্য একই বাড়ী/হোটেলে অবস্থান নিশ্চিত করতে হবে**। সৌদি বিধি মোতাবেক হারাম শরীফ থেকে দুই কিলোমিটার বা এর অধিক দূরত্বে বাড়ী/হোটেল অবস্থানের ব্যবস্থা করলে অবশ্যই যাতায়াতের জন্য গাড়ীর ব্যবস্থা করতে হবে ।

৩.১২ **প্রত্যেক হজ্জ এজেন্সীকে অবশ্যই সৌদি আরবের বিধি-বিধান মেনে বাড়ী/হোটেল ভাড়া করতে হবে এবং বাড়ী ভাড়ার অর্থ হজ্জ এজেন্সীর সৌদি আরবস্থ ব্যাংক হিসাবের মাধ্যমে বাড়ী/হোটেল মালিকের ব্যাংক হিসাবে একাউন্ট-পেয়ী চেকের মাধ্যমে পরিশোধ করতে হবে। কোনক্রমেই তাসরিয়া/তাসনিফ ব্যতিত বাড়ী/হোটেলের সাথে চুক্তি করা যাবে না এবং চুক্তিবিহীন বাড়ী/হোটেলে হজ্জযাত্রীদের আবাসন ব্যবস্থা করা যাবে না এবং বাড়ী/হোটেল ভাড়ার অর্থ নগদ পরিশোধ করা যাবে না। মক্কায় হজ্জযাত্রীদের জন্য ভাড়াকৃত নির্ধারিত বাড়ীতেই অবস্থান নিশ্চিত করতে হবে।** কোনক্রমেই আবাসনের জন্য তারসিয়া/তাসনিফসহ ভাড়াকৃত বাড়ী/হোটেল ছাড়া অন্যত্র হজ্জযাত্রীদের রাখা যাবে না। উহার ব্যত্যয় সৌদি সরকার ও বাংলাদেশ সরকারের নিকট চরম অপরাধ হিসেবে বিবেচিত হবে।

৩.১৩ **রাজকীয় সৌদি সরকারের নির্দেশনা মোতাবেক প্রত্যেকটি হজ্জ এজেন্সীকে সংশ্লিষ্ট হজ্জ এজেন্সীর মাধ্যমে নিবন্ধিত হজ্জযাত্রীদের জন্য সৌদি আরবে অবস্থানকালে দৈনিক তিন বেলা খাবার সরবরাহের জন্যে সৌদি সরকার কর্তৃক অনুমোদিত ক্যাটারিং কোম্পানীর সাথে বাধ্যতামূলক চুক্তি সম্পাদন করতে হবে। উল্লেখ্য যে, হজ্জযাত্রীদের আবাসন ও খাবার সংক্রান্ত চুক্তি সম্পাদন এবং সম্পাদিত চুক্তি মোতাবেক মূল্য ব্যাংকের মাধ্যমে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে পরিশোধ করা না হলে হজ্জ এজেন্সীর হজ্জযাত্রীদের অনুকুলে সৌদি কর্তৃপক্ষ বার কোড ইস্যু করবে না।**

৩.১৪ হজ্জ এজেন্সীসমূহ পরিচালক, হজ্জ অফিস, ঢাকা এবং বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ ও সৌদি এরাবিয়ান এয়ারলাইন্স এর সাথে আলোচনার মাধ্যমে আরবী শাওয়াল মাসের মধ্যে তাদের নিজ নিজ হজ্জযাত্রী প্রেরণের তারিখ/**হজ্জ ফ্লাইট সিডিউল চূড়ান্ত** করবে।

৩.১৫ **প্রত্যেক হজ্জ এজেন্সী বিমান বাংলাদেশ এয়ারলাইন্স এবং সৌদি এরাবিয়ান এয়ারলাইন্স এর সাথে যোগাযোগ করে হজ্জযাত্রীদের জন্য সৌদি আরব গমনাগমনের টিকিট সংগ্রহ করবেন এবং পরিবহনকৃত হজ্জযাত্রীদের সংখ্যা ও প্রদত্ত টিকেট অনুযায়ী বিমান ভাড়ার অর্থ ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হজ্জযাত্রী পরিবহনে নিযুক্ত সংশ্লিষ্ট এয়ারলাইন্সসমূহকে সরাসরি পরিশোধ করবে।**

৩.১৬ হজ্জযাত্রীগণ মেশিন রিডাবল আর্ন্তজাতিক পাসপোর্ট (MRP) সংগ্রহ করে অনুমোদিত হজ্জ এজেন্সির সহযোগিতায় সৌদি দূতাবাস হতে ইস্যুকৃত ভিসার মাধ্যমে হজ্জে গমন করবেন।

৩.১৭ বেসরকারি ব্যবস্থাপনার হজ্জযাত্রীর লাগেজে নিজের নাম, পাসপোর্ট নম্বর, হজ্জ এজেন্সির নাম এবং সৌদি আরবে সংশিষ্ট হজ্জ এজেন্সির প্রতিনিধির মোবাইল নম্বরসহ ঠিকানা ইংরেজীতে লেখা বাধ্যতামূলক।

৩.১৮ নিবন্ধন ফি ব্যতিত অন্যান্য অর্থ হজ্জযাত্রীগণ হজ্জ এজেন্সির **নির্ধারিত ব্যাংক একাউন্টে টাকা জমা** দিবেন। তবে এজেন্সীসমূহ

শুধুমাত্র এজেন্সীর **স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার কর্তৃক স্বাক্ষরিত রসিদমূলে** হজ্জযাত্রীদের নিকট থেকে নিবন্ধন ফি অন্যান্য অর্থ সরাসরি নগদ হিসাবে গ্রহণ করতে পারবে। কোন হজ্জ এজেন্সী দালাল বা তথাকথিত কাফেলার লিডার/গ্রুপ লিডারের মাধ্যমে হজ্জযাত্রীদের কাছ থেকে অর্থ সংগ্রহ করতে পারবে না ।

৩.১৯ প্রত্যেক এজেন্সি হজ্জ প্যাকেজ, হজ্জযাত্রীর নাম, পাসপোর্ট নম্বর, ঠিকানা, মোবাইল ফোন নম্বর, জাতীয় পরিচয়পত্র নম্বর, বারকোড নম্বর ইত্যাদি তথ্য; হজ্জযাত্রীদের ফ্লাইট সিডিউল, হজ্জ এজেন্সী ও হজ্জযাত্রীর মধ্যে স্বাক্ষরিত চুক্তিপত্র, সরকার ও এজেন্সীর মধ্যে স্বাক্ষরিত চুক্তিপত্র; মক্কা ও মদিনায় হজ্জযাত্রীদের জন্য ভাড়াকৃত বাড়ির মালিকের নাম-ঠিকানা-মোবাইল ফোন নম্বর, বাড়ির রোড/এলাকার নাম; নিয়োজিত প্রতিনিধি ও হজ্জকর্মীর সৌদি আরবে এবং বাংলাদেশের ঠিকানা ও মোবাইল নম্বরসহ প্রয়োজনীয় সকল তথ্য নিজ নিজ ওয়েবসাইটে প্রকাশ করবে এবং প্রকাশিত তথ্যের সফ্‌ট কপি হজ্জ অফিস, ঢাকায় সরবরাহ করবে।

৩.২০ হজ্জযাত্রীর মোবাইল/ফোন নম্বর না থাকলে সেক্ষেত্রে যোগাযোগ করার জন্য দুইজন নিকট আত্মীয়ের মোবাইল নম্বর আবেদনপত্রে এবং হজ্জ এজেন্সি ও হজ্জযাত্রীর সাথে সম্পাদিত চুক্তিপত্রে উলেখ করতে হবে।

৩.২১ প্রত্যেক হজ্জ এজেন্সি ৪৫ জন হজ্জযাত্রীর জন্য একজন অভিজ্ঞ হজ্জ গাইড নিয়োগ করবে ।

৩.২২ **প্রত্যেক হজ্জ এজেন্সি সর্বনিম্ন ৫০(পঞ্চাশ) জন এবং সবোর্চ্চ ৩০০ (তিনশত) জন হজ্জযাত্রী হজ্জে প্রেরণ করতে পারবে। উল্লেখ্য রাজকীয় সৌদি সরকারের নির্দেশনা অনুযায়ী উহা পরিবর্তন হতে পারে। হজ্জযাত্রীর কোটা ওআইসি কর্তৃক নির্ধারিত বিধায় বেসরকারি ব্যবস্থাপনায় সরকার কর্তৃক অনুমোদিত হজ্জ এজেন্সীর মাধ্যমে নিবন্ধনকৃত হজ্জযাত্রীদের মধ্যে যারা আগে নিবন্ধন সম্পন্ন করবেন প্রথমতঃ তাঁরা মনোনীত হবেন। এ ক্ষেত্রে হজ্জ এজেন্সী ও হজ্জযাত্রীগণ First come, First Servic হিসেবে মনোনীত হবেন। বেসরকারি ব্যবস্থাপনার হজ্জযাত্রীদের ক্ষেত্রে সরকার নির্ধারিত ৯১,৭৫৮ জন হজ্জযাত্রীর রেজিষ্ট্রেশন সম্পন্ন হলে আপনা আপনি রেজিষ্ট্রেশন কার্যক্রম বন্ধ হয়ে যাবে।**

৩.২৩ তদন্তাধীন এজেন্সীর হজ্জ লাইসেন্স বাংলাদেশ সরকার কর্তৃক বাতিল/স্থগিত হলে অথবা সৌদি সরকার কর্তৃক অভিযুক্ত হজ্জ এজেন্সিগুলোর অভিযোগ নিষ্পত্তি না হওয়া পর্যন্ত উক্ত হজ্জ এজেন্সীর মাধ্যমে হজ্জযাত্রী নিবন্ধন করতে পারবে না। কেননা কোন হজ্জযাত্রী অভিযুক্ত কোন হজ্জ এজেন্সীর মাধ্যমে নিবন্ধন এর পরে উক্ত এজেন্সী কোন কারণে স্থগিত/বাতিল করা হলে ঐ সকল হজ্জযাত্রীকে অন্য এজেন্সীতে পরিবর্তন করা সম্ভব হবে না ।

৩.২৪ কোনক্রমেই নিবন্ধিত হজ্জযাত্রীদের নাম পরিবর্তন করা যাবে না। এ ক্ষেত্রে জাতীয় হজ্জ ও ওমরাহ নীতি-১৪৩৫হিজরী/২০১৪খ্রিঃ এর ৭.৪ অনুচ্ছেদের বিধান প্রযোজ্য হবে।

৩.২৫ রাজকীয় সৌদি সরকারের নির্দেশনা মোতাবেক মক্কাস্থ হাব প্রতিনিধির সাথে পরামর্শক্রমে কাউন্সিলর (হজ্জ), মক্কা কর্তৃক মক্কা আল-মোকাররমা এবং মদিনা আল-মনোওয়ারায় মোট হজ্জযাত্রীর ১% হারে অতিরিক্ত সীট ভাড়া নিশ্চিত করা হবে।

৩.২৬ ফ্লাইটের সময়সূচীর ব্যাপারে স্থানীয় সিভিল এভিয়েশন কর্তৃপক্ষ কর্তৃক পরিবর্তন ছাড়া মিশন বা এজেন্সী কিংবা এয়ারলাইন্স কর্তৃক কোন পরিবর্তন হজ্জ মন্ত্রণালয়ের নিকট গ্রহণযোগ্য হবে না ।

৩.২৭ মদিনাস্থ বাড়ী/হোটেল ভাড়ার চুক্তিতে এয়ারলাইন্স এর নাম, ফ্লাইট নম্বর ও সৌদি আরবের বিমান বন্দরের নাম এন্ট্রি করতে হবে। এর ব্যত্যয় হলে উক্ত এজেন্সীর বিপরীতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে ।

৩.২৮ জেদ্দাস্থ বিমান বন্দর অথবা বাংলাদেশ থেকে সরাসরি মদিনা আল মোনাওয়ারায় গমনকালে হজ্জযাত্রীদের সাথে অথবা হজ্জ এজেন্সীর বৈধ প্রতিনিধির নিকট মদিনার আবাসনের চুক্তির কপি থাকতে হবে ।

৩.২৯ মক্কা আল মোকাররমা অথবা বাংলাদেশ থেকে মদিনা আল মোনাওয়ারায় গমনের জন্য সকল হজ্জযাত্রীর মদিনায় আবাসন চুক্তির বিবরণী অন লাইনে থাকতে হবে। উক্ত বিবরণী অন লাইনে না পাওয়া গেলে কোন হজ্জযাত্রীকে মক্কা আল মোকাররমা অথবা বাংলাদেশ থেকে মদিনা আল মোনাওয়ারায় প্রেরণ করা সম্ভব হবে না ।

৩.৩০ প্রত্যেক পাসপোর্টের সাথে ইউনাইটেড এজেন্টস অফিস কর্তৃক প্রদত্ত নমুনা কার্ড ও বাস এর টিকেট অবশ্যই সংযুক্ত থাকতে হবে। হজ্জ অফিস, ঢাকা বিষয়টি নিশ্চিত করবে।

৩.৩১ একই হজ্জ ফ্লাইটে ০২/০৩ টির অধিক হজ্জ এজেন্সীর হজ্জযাত্রী পরিবহন করতে পারবে না এবং তাঁদের মধ্যে প্রত্যেক ৪৫ জনে ০১ জন করে গাইড হিসেবে নির্দিষ্ট থাকতে হবে।

৩.৩২ হজ্জ এজেন্ট কর্তৃক হজ্জযাত্রীদের প্রদেয় সকল সার্ভিস এর বিস্তারিত বিবরণ সম্পাদিত চুক্তিতে উল্লেখ থাকতে হবে। উক্ত চুক্তির আরবী ভাষায় অনুবাদকৃত কপি স্থানীয় মোয়াচ্ছাছা অফিসে জমা দিতে হবে।

৩.৩৩ হজ্জের পূর্বে ২৫ জ্বিলক্বদ ১৪৩৬হিজরীর পরে কোন হজ্জযাত্রী মক্কা আল মোকাররমা কিংবা জেদ্দা থেকে সড়ক পথে মদিনা আল মোনাওয়ারায় গমন করতে পারবেন না ।

৩.৩৪ হজ্জের পূর্বে ০৫ই জ্বিলহজ্জের পরে কোন হজ্জযাত্রী মদিনা আল মোনাওয়ারায় অবস্থান করতে পারবেন না ।

৩.৩৫ হজ্জের পূর্বে ০৫ই জ্বিলহজ্জের পরে মদিনা আল মোনাওয়ারায় অবস্থানের লক্ষ্যে বাড়ী/হোটেল ভাড়ার কোন চুক্তি স্বাক্ষর করা যাবে না ।

৩.৩৬ হজ্জের পরে মক্কা থেকে ১৪ই জ্বিলহজ্জের পূর্বে কোন হজ্জযাত্রী মক্কা আল মোকাররমা থেকে মদিনা আল মোনাওয়ারায় গমন করতে পারবেন না ।

৩.৩৭ আকাশ পথে জেদ্দা থেকে মদিনা যাওয়ার সর্বশেষ তারিখ ০২ জ্বিলহজ্জ তবে সে ক্ষেত্রে ০৫ই জ্বিলহজ্জের পূর্বে মদিনা জেদ্দার রিটার্ণ টিকেটে বুকিং কনফার্ম থাকতে হবে।

৩.৩৮ সৌদি সরকার কর্তৃক হজ্জ এজেন্সীর মোনাজ্জেমকে প্রদত্ত মাল্টিপল ভিসায় সৌদি আরবে অবস্থানের মেয়াদ কোনক্রমেই বর্ধিত করা যাবে না ।

৩.৩৯ **বেসরকারি ব্যবস্থাপনার হজ্জযাত্রীদের জন্য সুষ্ঠু হজ্জ ব্যবস্থাপনার স্বার্থে সৌদি আরবের মক্কা ও মদিনায় বাংলাদেশ সরকার ও হজ্জ এজেন্সীস এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব) কর্তৃক নির্ধারিত এলাকাসমূহে গুচ্ছ (Cluster) ভিত্তিক বাড়ী ভাড়া নিশ্চিত করতে হবে এবং এ বছর মিসফালাহ, জিয়াদ, শিয়াবে আমের, গাজ্জা, জারোয়াল, সৌকিয়া ও আজিজিয়া এলাকায় গুচ্ছ (Cluster) ভিত্তিক বাড়ীভাড়া নিশ্চিত করতে হবে।**

৩.৪০ **সুষ্ঠু হজ্জ ব্যবস্থাপনার লক্ষ্যে রাজকীয় সৌদি সরকার ও বাংলাদেশ সরকার কর্তৃক আরোপিত শর্ত/নির্দেশনাসমূহ প্রত্যেকটি হজ্জ এজেন্সী অনুসরণ করতে বাধ্য থাকবে।**

৪ **সরকারি ও বেসরকারি উভয় ব্যবস্থাপনায় গমনেচ্ছু হজ্জযাত্রীদের জন্য প্রযোজ্য তথ্যাদি ও করণীয়ঃ**

৪.১ মাহ্‌রাম ব্যতীত মহিলা হজ্জযাত্রী এককভাবে কোনক্রমেই হজ্জে গমনের যোগ্য বিবেচিত হবেন না ;

৪.২ মহিলা হজ্জযাত্রীগণকে মাহরামের সাথে একত্রে নিবন্ধন করতে হবে ;

৪.৩ বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড ও সৌদি এরাবিয়ান এয়ারলাইন্স হজ্জযাত্রী পরিবহনের দায়িত্ব পালন করবে ;

৪.৪ জাতীয় হজ্জ ও ওমরাহ নীতি-১৪৩৫হিজরী/২০১৪খ্রিঃ এর ৭.৪ ও ৭.২২ অনুচ্ছেদের বিধান অনুসারে শুধুমাত্র নিবন্ধিত হজ্জযাত্রীর মৃত্যু জনিতকারণে জমাকৃত অর্থের অব্যয়িত অর্থ ফেরৎ দেয়া হবে ;

৪.৫ **বাংলাদেশী টাকার সাথে মার্কিন ডলার ও সৌদি রিয়াল এর বিনিময় হার এবং আন্তর্জাতিক বাজারে জ্বালানী মূল্য বৃদ্ধি পেলে প্রয়োজনীয় ক্ষেত্রে বর্ধিত টাকা ও বিমান ভাড়া হজ্জযাত্রীকেই পরিশোধ করতে হবে ;**

৪.৬ হজ্জের সার্বিক খরচ ছাড়াও প্রত্যেক হজ্জযাত্রী ১০০০ (এক হাজার) মার্কিন ডলারের সমপরিমাণ বৈদেশিক মুদ্রা সাথে নিয়ে যেতে পারবেন;

৪.৭ প্রত্যেক হজ্জযাত্রীর জন্য স্বাস্থ্য পরীক্ষা, মেনিনজাইটিস ও ইনফ্লুয়েঞ্জা প্রতিষেধক টিকা (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণ এবং স্বাস্থ্য সনদ গ্রহণ বাধ্যতামূলক ;

৪.৮ **হজ্জে গমনেচ্ছু প্রত্যেক ব্যক্তিকে নিবন্ধন ফরম জমাকালে ফরম এর সাথে মহানগর, জেলা ও উপজেলা পর্যায়ে গঠিত মেডিকেল বোর্ড কর্তৃক প্রদত্ত স্বাস্থ্য সনদ সংযুক্ত করতে হবে। উল্লেখ্য যে, ৭০ বছর বা ততোধিক বয়স্ক হজ্জযাত্রীদের জন্য স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক গঠিত বোর্ডের নিকট হতে বিশেষ স্বাস্থ্য সনদ গ্রহণ বাধ্যতামূলক।**

৪.৯ হজ্জযাত্রীদের সৌদি আরবে অবস্থানকাল যথাসম্ভব **সর্বোচ্চ ৪৫ দিনের মধ্যে সীমিত রাখতে** হবে ;

৪.১০ **সরকারি এবং বেসরকারি উভয় ব্যবস্থাপনার হজ্জযাত্রীগণ পবিত্র হজ্জ পালনের উদ্দেশ্যে সৌদি আরব যাত্রার নূন্যতম ০৩ (তিন) দিন পূর্বে ঢাকাস্থ আশকোনা হজ্জক্যাম্পে আগমন করবেন।** হজ্জক্যাম্পে অবস্থানকালে হজ্জের বিভিন্ন আরকান-আহকামসহ জরুরী বিষয়াদি সম্পর্কে অভিজ্ঞ প্রশিক্ষক দ্বারা ও অডিও ভিজুয়্যাল মিডিয়ার মাধ্যমে হজ্জযাত্রীদেরকে ৩ দিনের প্রশিক্ষণ প্রদান করা হবে;

৪.১১ এয়ারলাইন্স কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী বিমানে ভ্রমনকালে কোন হজ্জযাত্রী সংশ্লিষ্ট এয়ারলাইন্স কর্তৃক নির্ধারিত ওজনের অধিক লাগেজ/**মালামাল বহন করতে পারবেন না। রেজিষ্টার্ড ডাক্তারের প্রেসক্রিপশন ব্যতীত কোন ঔষধ সংগে নিতে পারবেন না। চাল,**

**ডাল, শুটকী, গুড় ইত্যাদিসহ পচনশীল খাদ্যদ্রব্য যেমন ঃ রান্না করা খাবার, তরি-তরকারী, ফলমুল, পান, সুপারি ইত্যাদি কোনক্রমেই সৌদি আরবে নিয়ে যাওয়া যাবে না।**

৪.১২ সৌদি সরকার কর্তৃক স্বীকৃত খাদ্য সরবরাহকারী প্রতিষ্ঠান ছাড়া কোন প্রতিষ্ঠান থেকে হজ্জযাত্রীদের জন্য খাদ্য সরবরাহ করা যাবে না । নির্দিষ্ট মোয়াচ্ছাছার মাধ্যমেই কোন স্বীকৃত প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষর করতে হবে ।

৪.১৩ **ডায়বেটিস, হৃদরোগসহ কোন ক্রনিক ডিজিজের রোগীরা প্রেসক্রিপশনসহ অতি অবশ্যই ৫০ দিনের ঔষধ সঙ্গে নিয়ে যাবেন।**

৪.১৪ কুরবানীর টাকা ইসলামী উন্নয়ন ব্যাংকে জমা দেয়া সৌদি সরকার কর্তৃক একমাত্র স্বীকৃত ব্যবস্থা। অসুবিধা এড়ানোর জন্য ইসলামী উন্নয়ন ব্যাংকে টাকা জমা দেয়াই উত্তম।

৪.১৫ প্রত্যেক হজ্জযাত্রীকে বাধ্যতামূলকভাবে মেডিকেল তথ্য সম্বলিত আইডি কার্ড এবং কব্জী বেল্ট বহন করতে হবে। আবেদনপত্রে মেডিক্যাল তথ্যাবলী যথাযথভাবে পূরণ বাধ্যতামূলক।

৪.১৬ সৌদি সরকার কর্তৃক স্বীকৃত জমজম প্রজেক্ট কর্তৃক সরবরাহকৃত জমজম পানির গ্যালনই কেবলমাত্র হজ্জযাত্রীগণ সাথে আনতে পারবেন। সাধারণ গ্যালন বিমান বন্দরে গ্রহণযোগ্য হবে না ।

৪.১৭ সরকারি ও বেসরকারি উভয় ক্ষেত্রেই হজ্জযাত্রী প্রতি সৌঃ রিঃ ৫০.০০ (পঞ্চাশ) হারে মক্কাস্থ হজ্জ মন্ত্রণালয় বরাবরে ব্যাংক গ্যারান্টি প্রদান করতে হয় বিধায় বাড়ী ভাড়ার চুক্তি শুরুর পূর্বেই কাউন্সিলর (হজ্জ) মক্কা কর্তৃক উহা নিশ্চিত করা হবে ।

৪.১৮ আল মাশায়ের আল মোকাদ্দাসার (মিনা-আরাফাত-মোযদালেফা) বাস ভাড়ার কুপনের অর্থ ফেরৎযোগ্য নয়।

৪.১৯ হজ্জ ব্যবস্থাপনায় তথ্য প্রযুক্তির সহায়তায় হজ্জযাত্রীদের যাবতীয় তথ্য সংরক্ষণ ও সরবরাহ, নিবন্ধন, ইন্টারনেটের মাধ্যমে সংবাদ আদান-প্রদানের ব্যবস্থা করা হবে। এ বিষয়ে www.hajj.gov.bd ওয়েব সাইট হতে হজ্জ সংক্রান্ত তথ্যাদি সংগ্রহ করা যাবে।

৪.২০ বেসরকারি ব্যবস্থাপনার প্রত্যেক হজ্জযাত্রী হাব কর্তৃক এব সরকারি ব্যবস্থাপনার হজ্জযাত্রীদের সরকার কর্তৃক সরবরাহকৃত **৫৬ সেঃমিঃ x ২৫ সেঃমিঃ x ৪৫ সেঃমিঃ আয়তনের** মাত্র **১**টি ব্যাগ/লাগেজ সংগে নিতে পারবেন।


৪.২১ সৌদি আরবে অবস্থানকালে বাসস্থানের বাইরে গেলে হজ্জযাত্রীগণকে পরিচয়পত্র, মোয়াল্লেম কার্ড ও হোটেলের কার্ড অবশ্যই সংগে রাখতে হবে এবং মহিলা হজ্জযাত্রীদের স্কার্পের মধ্যভাগে বাংলাদেশের জাতীয় পতাকার ছাপ অবশ্যই থাকতে হবে।

**৪.২২ হজ্জযাত্রীদের অন-লাইন রেজিষ্ট্রেশন, পুলিশ ভেরিফিকেশন, ভিসা প্রদানসহ আধুনিক হজ্জ ব্যবস্থাপনার জন্য প্রয়োজনীয় সফট ওয়্যার ও সিষ্টেম প্রণয়ন করতঃ বাস্তবায়ন এবং সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান ধর্ম বিষয়ক মন্ত্রণালয় নিশ্চিত করবেন।**

**৪.২৩ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও রাজকীয় সৌদি সরকারের মধ্যে সম্পাদিতব্য হজ্জচুক্তিতে বর্ণিত/উল্লিখিত নির্দেশনা/শর্তসমূহ বেসরকারি ব্যবস্থাপনায় নিয়োজিত হজ্জ এজেন্সীগণ ও হজ্জযাত্রীগণ অনুসরণে বাধ্য থাকবেন।**

৪.২৪ হজ্জযাত্রীগণের বাংলাদেশে প্রত্যাবর্তন ঝামেলামুক্ত করণের সুবিধার্থে মক্কা ও মদিনায় সংশ্লিষ্ট এয়ারলাইন্সসমূহ কর্তৃক সিটি চেক-ইন কার্যক্রম নিশ্চিত করতে হবে। হজ্জযাত্রীদের বিমান ভাড়ার সাথে গৃহীত সিটি চেক-ইন বাবদ অর্থ দ্বারা এ সংক্রান্ত ব্যয় মিটানো হবে।

৪.২৫ অতিরিক্ত কোন তথ্যাদি জানার প্রয়োজন হলে পরিচালক, হজ্জ অফিস, আশকোনা, বিমান বন্দর, ঢাকা এর ফোন-**৮৯৫৮৪৬২, ৭৯১২৩৯১, ৭৯১১৭১৩, মোবাইল- ০১৭১৪২৭৩৭০৭, ০১৭২০০১৭৩৭৭ ও ০১৮১৮৪৫৮৫১৯** এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের কর্মকর্তাগণের এর ফোন **৯৫৮৫২০০, ৯৫৭৬৩৪৯, ৯৫১২২৩৯, ৯৫১৪৫৩৩, ৯৫৭৪০১১ মোবাইল নং- ০১৭১৬৫৫২৩৯৭, ০১৫৫২৪৪৫২৮০, ০১৫৫২৩৪৭৭৮১ ও ০১৫৫২৩২৪২৭৮** যোগাযোগ করতে পারেন। এ ছাড়াও প্রত্যেক **জেলা প্রশাসকের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং** জেলায় অবস্থিত **উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন** এর কার্যালয় হতে বিস্তারিত তথ্য জানা যাবে।



(মোঃ জাহাংগীর আলম)
উপ-সচিব (হজ্জ)
ফোন ঃ ৯৫৭৬৩৪৯।

নং-১৬.০০.০০০০.০০৩.১৮.০০৬.১৪-১১২৬ তারিখঃ ১০.১২.২০১৪খ্রিঃ

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হ'ল। (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)।

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা।
৩. গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৪. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, ঢাকা।
৫. সিনিয়র সচিব/সচিব, সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ............................................
৬. মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব।
৭. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট/রংপুর।
৮. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
৯. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১০. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রেস বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে)।
১১. ব্যবস্থাপনা পরিচালক, ও সিইও, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ, বলাকা ভবন, কুর্মিটোলা , ঢাকা।
১২. ব্যবস্থাপনা পরিচালক/ভাইস প্রেসিডেন্ট,.........................................................................................ব্যাংক প্রধান কার্যালয়, ঢাকা। (এ বিষয়ে তাঁর আওতাধীন শাখাসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হ'ল)।
১৩. যুগ্ম-সচিব (সকল) ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. কনসাল জেনারেল, কনসুলেট জেনারেল অব বাংলাদেশ, জেদ্দা, সৌদি আরব।
১৫. কাউন্সিলর (হজ্জ), বাংলাদেশ হজ্জ অফিস, মক্কা, সৌদি আরব।
১৬. পরিচালক,রোগ নিয়ন্ত্রণ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৭. জেলা প্রশাসক (সকল).................................................... ।
১৮. পরিচালক, হজ্জ অফিস, আশকোনা, বিমান বন্দর, ঢাকা।
১৯. পুলিশ সুপার, (সকল)...................................................... ।
২০. সিভিল সার্জন (সকল)...................................................... ।
২১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২২. উপজেলা নির্বাহী অফিসার (সকল)....................................... ।
২৩. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার (সকল)................................ ।
২৪. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২৫. উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন (সকল জেলা)।
২৬. সিনিয়র তথ্য কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (প্রেস বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল)।
২৭. কান্ট্রি ম্যানেজার, সৌদি এরাবিয়ান এয়ারলাইন্স, বাংলাদেশ, ঢাকা।
২৮. সভাপতি/মহাসচিব, হজ্জ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), ঢাকা, সাত্তারা সেন্টার (১৬ তম তলা), হোটেল ভিক্টোরী, ৩০/এ নয়াপল্টন, ভিআইপি রোড, ঢাকা (সকল হজ্জ এজেন্সীকে অবহিত করনের অনুরোধসহ) ।
২৯. সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার দৈনিক........................................................পত্রিকা-সংযুক্ত হজ্জ প্যাকেজটি স্মারক নং সহ তাঁর পত্রিকার নির্দিষ্ট কলামে ১(এক)দিনের জন্য ------------- পাতায় প্রকাশের অনুরোধ করা হলো।
৩০. স্বত্বাধিকারী/ ব্যবস্থাপনা পরিচালক, ------------------------------------------------------------------- ।
৩১. জনাব ------------------------------------------------------------------- ।

(মোঃ জাহাংগীর আলম)
উপ-সচিব (হজ্জ)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ্জ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
**www.mora.gov.bd**
**www.hajj.gov.bd**

স্মারনং-১৬.০০.০০০০.০০৩.২৭.০০২.১৪-১১৬৪ তারিখঃ২২.১২.২০১৪খ্রিঃ

বিজ্ঞপ্তি

এতদ্বারা ২০১৫খ্রিঃ/১৪৩৬ হিজরী সনের সম্মানিত হজ্জযাত্রী ও সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১,৫১,৬৯০.০০ (এক লক্ষ একান্ন হাজার ছয়শত নব্বই) টাকা এবং বেসরকারি ব্যবস্থাপনায় ১,৪৮,৩৩১.৫০ (এক লক্ষ আট চল্লিশ হাজার তিনশত একত্রিশ টাকা পঞ্চাশ পয়সা) টাকা নিম্নে বর্ণিত ব্যাংকের যে কোন শাখায় জমা দিয়ে আগামী ০৫/০২/২০১৫ খ্রিঃ তারিখের মধ্যে রেজিষ্ট্রেশন সম্পন্ন করা যাবে। প্যাকেজ মূল্যের অবশিষ্ট টাকা ১০/০৬/২০১৫ খ্রিঃ তারিখের মধ্যে সংশ্লিষ্ট ব্যাংকে জমা দিতে হবে ।

অনুমোদিত ব্যাংক সমূহের তালিকাঃ

১. AB Bank Limited, BCIC Bhaban, 30-31 Dilkusha C/A, Dhaka
২. Agrani Bank , 9d Dilkusha Commercial Area, Dhaka.
৩. Al-Arafah Islami Bank Limited, Al-Arafah Islami Bank Limited. 36, Dilkusha(6-9 Floor) C/A Dhaka-1000
৪. Bangladesh Commerce Bank Ltd. Eunoos Trade Centre (Level-22) 52-53 Dilkusha C/A Motijheel Dhaka.
৫. Bangladesh Krishi Bank, *Krishi Bank* Bhaban 83-85 Motijheel Commercial Area Dhaka – 100
৬. Bank Asia Limited, Rangs Tower(2nd To 6th Floor)68,Purana Paltandhaka-1000.
৭. Brac Bank Limited, 1 Gulshan Avenue Gulshan -1 Dhaka 1212,
৮. Dhaka Bank Limited. Biman Bhaban (1st Floor). 100, Motijheel C/A, Dhaka – 1000,
৯. Dutch Bangla Bank Limited.Head Office Phone-9574196-97, Fax-9561889
১০. Eastern Bank Limited, Head Office Eastern Bank Ltd. 10 Dilkusha C/A Jiban Bima Bhaban, Dhaka
১১. Export Import Bank Of Bangladesh Limited, Symphony" Plot # Se (F): 9, Road # 142. Gulshan Avenue, Dhaka.
১২. Farmers Bank Limited, Lotus Kamal Tower-2, 59-61, Gulshan South Avenue Gulshan-1, Dhaka - 1212
১৩. First Security Islami Bank Ltd, House- Sw(I) 1/A, Road-8, Gulshan-1,Dhaka-1212
১৪. ICB Islamic Bank Ltd, T.K. Bhaban (15th Floor),13 Kazi Nazrul Islam Avenuekawran Bazar, Dhaka -1215
১৫. IFIC Bank Limited, Head Office BDBL Building (8th – 10th & 16th – 19th Floor) 8, Rajuk Avenue,Dhaka.
১৬. Islami Bank Of Bangladesh Limited, Islami Bank Tower40, Dilkusha C/A, dhaka.
১৭. Jamuna Bank Limited, Head Office2, Dilkusha C/A,Dhaka – 1000
১৮. Janata Bank, 110, Motijheel Commercial Area, Dhaka Bangladesh.
১৯. Meghna Bank Limited, 189, Motiur Rahman Tower, Water Works Road Dhaka.
২০. Mercantile Bank Limited, Head Office 61, Dilkusha Commercial Area Dhaka-1000
২১. Midland Bank Limited, Hong Kong Shanghai Tower, Block C, 106 Road No. 11, 1212.
২২. Modhumoti Bank Limited, Jabber Tower (13th Floor), 42 Gulshan Avenue, Gulshan-1, Dhaka.
২৩. Mutual Trust Bank Limited, Mutual Trust Bank Ltd. Corporate Head Office Mtb Centre, 26 Gulshan Avenue Plot 5, Block Se (D), Gulshan 1, Dhaka 1212
২৪. National Bank Limited, 18 Dilkusha Commercial Area, Dhaka
২৫. Ncc Bank Limited, 7-8, Motijheel C/A, Dhaka – 1000
২৬. NRB Bank Limited, Richmond Concord (7th Floor),68 Gulshan Avenue Gulshan Circle -01,Dhaka-1212
২৭. One Bank Ltd, Hrc Bhaban 46, Kawran Bazar C/A Dhaka-1215
২৮. Prime Bank Limited, Adamjee Court Annex Building-2, 119-120, Motijheel C/A, Dhaka-1000
২৯. Pubali Bank Limited- Head Office, 26 , Dilkusha Commercial Area, Dhaka
৩০. Rajshahi Krishi Unnoyon Bank.
৩১. Rupali Bank Ltd. Head Office, Computer Division, 9th Floor, 34 Dilkusha C/A, Dhaka-1000
৩২. Sbac Bank Limited, Principal Branch, 47 Dilkusha, Zaman Chamber, Dhaka.
৩৩. Shahjalal Islami Bank Limited., Uday Sanz, Plot No. Se (A)2/B Gulshan South Avenue Gulshan – 1, Dhaka.
৩৪. Social Islami Bank Limited, 103, Motijheel Commercial Area Dhaka-1000
৩৫. Sonali Bank Limited , 35-42,44 Motijheel Commercial Area,Dhaka.
৩৬. South Bangla Agriculture And Commerce Bank Ltd.
৩৭. Southeast Bank Limited, Eunoos Trade Center 52-53, Dilkusha, C/A (Level – 2, 3, 4 & 16) Dhaka.
৩৮. Standard Bank Limited, Metropolitan Chamber Building (3rd Floor)122-124 Motijheel C/A, Dhaka-1000
৩৯. The City Bank Limited, City Bank Center 136, Gulshan Avenue, Gulshan-2 Dhaka-1212

৪০. The Premier Bank Limited, Iqbal Centre 42 Kemal Ataturk Avenue, Banani, Dhaka-1213
৪১. Trust Bank Limited, Peoples Insurance Bhaban,36, Dilkusha C/A (2nd, 16th & 17th Floor),Dhaka-1000
৪২. Union Bank Ltd, Union Bank Ltd, Bahela Tower, 72, Gulshan Avenue, Gulshan -1, Dhaka.
৪৩. United Commercial Bank Limited, Plot – Cws- (A)-1road No – 34gulshan Avenue, Dhaka1212
৪৪. Uttara Bank Limited, Uttara Bank Bhaban47, Bir Uttom Shahid Ashfaq-Us-Samad Road (90, Motijheel Commercial Area), P.O. Box No. 217 & 818dhaka-1000.
৪৫. Nrb Global Bank Ltd, Khandker Tower, 94, Gulshan Avenue, Dhaka.

22/12/14

(বেগম হাসিনা শিরীন)
সহকারী সচিব (হজ্জ)
ফোন ঃ ৯৫৮৫২০০।

স্মারনং-১৬.০০.০০০০.০০৩.২৭.০০২.১৪-১১৬৪ তারিখঃ২২.১২.২০১৪খ্রিঃ

সদয় অবগতি ও কর্যার্থে প্রেরণ করা হ'ল। (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)।

১. গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট/রংপুর।
৩. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রেস বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে)।
৪. ব্যবস্থাপনা পরিচালক/ভাইস প্রেসিডেন্ট, ..........................................................................প্রধান কার্যালয়, ঢাকা (এ বিষয়ে তাঁর আওতাধীন শাখাসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের এবং প্রতিদিন কত জন হজ্জযাত্রী (সরকারি ও বেসরকারি) উভয় ব্যবস্থাপনায় রেজিষ্ট্রেশন ফি জমা দিয়েছেন তা পরবর্তী দিন সকাল ১১ টার মধ্যে পরিচালক, হজ্জ অফিস, ঢাকাকে অবহিত করার জন্য অনুরোধ করা হ'ল)।
৫. জেলা প্রশাসক (সকল)..................................................।
৬. পরিচালক, হজ্জ অফিস, আশকোনা, বিমান বন্দর, ঢাকা।
৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৮. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৯. উপজেলা নির্বাহী অফিসার (সকল).........................................।
১০. জনসংযোগ কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (প্রেস বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল)।
১১. সভাপতি/মহাসচিব, হজ্জ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), ঢাকা, সাত্তারা সেন্টার (১৬ তম তলা), হোটেল ভিক্টোরী, ৩০/এ নয়াপল্টন, ভিআইপি রোড, ঢাকা (সকল হজ্জ এজেন্সীকে অবহিত করনের অনুরোধসহ)।

22/12/14

(বেগম হাসিনা শিরীন)
সহকারী সচিব (হজ্জ)
ফোন ঃ ৯৫৮৫২০০।